-১৮১-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.২২.০০২.১৮- ৫৭৯

তারিখ : ০৪ কার্তিক ১৪২৬
২০ অক্টোবর ২০১৯

বিষয় : "কর্মকর্তা ও কর্মচারী (ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৯' এর তফসিলের ক্রমিক নং ৮, ৯, ১০, ১১ ও ১২ এর ৪ ও ৫নং কলাম সংশোধন করা সংক্রান্ত।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭২.২২.০৪৯.১৬-১৬২, তারিখ: ১০/০৬/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে বিদ্যমান 'কর্মকর্তা ও কর্মচারী (বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) নিয়োগ বিধিমালা ১৯৯৯ এর তফসিল অংশের ক্রমিক নং- ৮, ৯, ১০, ১১ ও ১২ এর ৪ ও ৫নং কলাম (নিয়োগ পদ্ধতি ও যোগ্যতা) অংশ সংশোধন করার বিষয়ে সম্মতি প্রদানের জন্য গত ১৬/৫/২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। (কপি সংযুক্ত)।

০২। উক্ত বিষয়ে পদ সৃজন সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতির কপি, বেতনস্কেল নির্ধারণের কপি, অর্থ বিভাগ কর্তৃক জি. ও পৃষ্ঠাঙ্কনের কপি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ ইত্যাদি প্রেরণ করার জন্য সূত্রে বর্ণিত স্মারকমূলে অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, অত্র বিভাগের প্রস্তাবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত ০৫টি পদ, যথা: (১) উপসহকারী পরিচালক (২) প্রশিক্ষক (৩) প্রোগ্রাম অর্গানাইজার কাম অ্যাডজুটেন্ট (৪) সিনিয়র স্টাফ অফিসার ও (৫) মেকানিক্যাল ট্রান্সপোর্ট অফিসার পদের নিয়োগ পদ্ধতি ও যোগ্যতা অংশ সংশোধন করার বিষয়ে সম্মতি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে। এই ০৫টি পদ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত বিদ্যমান পদ।

০৩। উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিদ্যমান "কর্মকর্তা ও কর্মচারী (বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৯" এর তফসিল অংশের ক্রমিক নং-০৮, ০৯, ১০, ১১ ও ১২ এর ৪ ও ৫নং কলাম (নিয়োগ পদ্ধতি ও যোগ্যতা) অংশ সংশোধন করার বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২০/১০/২০১৯
(মল্লিকা রাণী মন্ডল)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৬৩৪৩
E-mail: fire1@ssd.gov.bd

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: অতিরিক্ত সচিব, বিধি অনুবিভাগ)

অনুলিপি:

০১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।